সমকাল

তারিখ 04 NOV 2013
পৃষ্ঠা ১৭ কলাম ৩

# পোর্ট সিটি মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তিতে নিষেধাজ্ঞা

■ সমকাল প্রতিবেদক

চট্টগ্রামের বেসরকারি পোর্ট সিটি মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তিতে নিষেধাজ্ঞা জারি করেছেন হাইকোর্ট।

বিচারপতি মির্জা হোসেইন হায়দার ও বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকার সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল রোববার এ নিষেধাজ্ঞা জারি করেন।

পাশাপাশি ওই মেডিকেল কলেজের অনুমোদন কেন অবৈধ ঘোষণা করা হবে না, তাও জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। আগামী চার সপ্তাহের মধ্যে স্বাস্থ্য সচিব, কলেজের অধ্যক্ষসহ সংশ্লিষ্টদের এ রুলের জবাব দিতে বলা হয়েছে।

রোববার এসএম সাইফুদ্দিন নামে একজন শিক্ষানবিশ আইনজীবীর করা রিট আবেদনে আদালত রুলসহ এ আদেশ দেন। রিটে নীতিমালার শর্ত না মেনেই ওই মেডিকেল কলেজটিকে অনুমোদন দেওয়া হয়ে বলে দাবি করা হয়।

আবেদনের পক্ষে আদালতে শুনানি করেন ব্যারিস্টার ফরিদুল ইসলাম ফরিদ। তিনি সাংবাদিকদের জানান, আদালত রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কলেজের ২০১৩-১৪ সেশনের ভর্তি কার্যক্রম বন্ধ থাকার নির্দেশ দিয়েছেন।